Progetto co-finanziato
dall'Unione Europea

MINISTERO
DELL'INTERNO

FONDO ASILO, MIGRAZIONE E INTEGRAZIONE 2014-2020 (FAMI)

FAMI PROG – 3060
INTEGRAZIONE / MIGRAZIONE LEGALE - ON 3 - CAPACITY BUILDING – LETTERA J) GOVERNANCE DEI SERVIZI
SUPPORTO AGLI ENTI LOCALI
CUP: J39D19000140003

বিদেশী নাগরিকদের যারা আইনত নিয়মিতভাবে ইতালিতে বসবাসরত আছেন, তাদের ইতালীয় জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার সুবিধা ভোগের যথাযথ অধিকার আছে। ASST Ovest Milanese এর নির্বাচন এবং বাতিলকরন অফিসে যাওয়া যেতে পারে, ঠিকানা: ভিয়া- কানাজ্জা, নং-2 – সাইট https://www.asst-ovestmi.it/home/sceltarevoca.

জাতীয় স্বাস্থ্য সেবায় অন্তর্ভুক্তির অর্থ হল একজন সাধারণ ইতালীয়ান নাগরিকের মতই সব ধরনের অসুস্থতার জন্যই স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার থাকা :

- রেসিডেন্স অনুযায়ী পৌরসভার ভিত্তিতে প্রস্তুত করা ডাক্তারদের তালিকা থেকে আপনার পরিবারের প্রাপ্ত বয়স্কদের জন্য ডাক্তার নির্বাচন করুন এবং পরিবারের অপ্রাপ্তবয়স্কদের জন্য একজন শিশু ডাক্তার নির্বাচন করুন;
- SSN এর বিশেষ ফ্রি চিকিৎসা সেবা অথবা পারিবারিক ডাক্তারের দ্বারা প্রয়োজনিয় গন্য করা যেকোনো ডাক্তারি সমস্যার জন্য হাসপাতালের সেবা গ্রহণ করা;
- হাসপাতালের জরুরি সেবা সবসময়ই খোলা তবে এক্ষেত্রে সমস্যাও জরুরি হওয়া বান্থনীয় ;
- বিশেষ স্বাস্থ্য সমস্যা এবং অক্ষমতার জন্য বর্তমান ছাড়ের ক্ষেত্র ছাড়া কোনো বাধা ছাড়াই টিকিট ফি প্রদান করে বিশেষজ্ঞ ডাক্তারের সেবা পাওয়ার অধিকার সাথে প্রেসক্রিপশন এবং ওষুধ পাওয়ার অধিকার রয়েছে। ১৪ বছর বয়সের নিচের বাচ্চাদের স্পেশাল ভিজিটের জন্য কোন টিকেট ফি প্রদান করতে হবে না (অব্যাহতি এবং ১১)।
- 800.103.103 এই টোল ফ্রি নাম্বারে ফোন করে রাত ৮টা থেকে সকাল ৮টা পর্যন্ত টেলিফোনে পরামর্শ অথবা সাহায্য অথবা প্রয়োজনবোধে বাসায় এসে ভিজিট করার সেবা পাওয়া সম্ভব।

বিদেশী নাগরিকদের ইতালির স্টে পারমিশন নবায়ন করার পর্যায় যদি সে ইতালীয় স্বাস্থ্য সেবার সিস্টেম SSN এর মধ্যে আগে থেকেই থেকে থাকে তাহলে সে নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা পাওয়ার এবং তার স্যানিটারি কার্ড করতে পারার অধিকার রাখে।

**গর্ভকালীন স্বাস্থ্য সেবা**

যেসকল বিদেশী মহিলা নাগরিকরা SSN এর সেবার আওতার অর্ন্তভুক্ত রয়েছেন এবং যদি তারা র্গভবতী হন সেক্ষেত্রে তারা একই চিকিৎসা সেবা, একই পদ্ধতিতে পাবেন যেমনটি একজন ইতালীয়ান মহিলা পেয়ে থাকেন;

যেসকল বিদেশী মহিলা নাগরিকদের আইন অনুযায়ী ইতালিতে থাকার কাগজপত্র নেই তারাও গর্ভকালীন সময়ে STP এর সেবার অধিনে যথাযথ স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার রাখেন:

সেই সকল বিদেশী নাগরিকরা যাদের স্টে পারমিশন চিকিৎসা সেবার উপর ভিত্তি করে দেয়া হয়েছে তারা SSN এর সার্ভিসে অন্তর্ভুক্তির ক্ষেত্রে সন্তান জন্মের পরবর্তী ছয় মাসের মধ্যে অন্তর্ভুক্তির আবেদন করতে পারবেন।

N.O.I.
Nuovi Orizzonti Interculturali

বিদেশী নাগরিক যারা SSN এর সেবার জন্য নিবন্ধিত নয় কিন্তু তাদের গাইনোকোলোজি চিকিৎসা সেবা প্রয়োজন সেটি হতে পারে গর্ভকালীন সময়েও সেক্ষেত্রে তারা পারিবারিক উপদেশ ক্লিনিকের সেবা গ্রহণ করতে পারবেন। ঠিকানা:ভিয়া- Colli S. Erasmo নং-২৯।

লেইনানোতে আরো একটি বারতি চিকিৎসা সেবা প্রতিষ্ঠান রয়েছে যেটি একদল স্বেচ্ছাসেবক চিকিৎসকদের দ্বারা পরিচালিত যারা কিনা সেইসব বিদেশী নাগরিকদের জন্য কাজ করে যারা যেকোন সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত:

- আমবুলামোন্দ (Ambulamondo) - "Casa di Carità" তে – ঠিকানা : ভিয়া- S. Teresa নং-২ – বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা থেকে রাত ৯টা পযর্ন্ত।

প্রয়োজনীয় লিংক:

লোম্বারদিয়া প্রদেশে UE এর বাইরের নাগরিকদের স্বাস্থ্য সেবার জন্য -

https://www.regione.lombardia.it/wps/portal/istituzionale/HP/DettaglioServizio/servizi-e-informazioni/Cittadini/salute-e-prevenzione/prenotazioni-ticket-e-tempi-di-attesa/assistenza-sanitaria-cittadini-comunitari-stranieri/assistenza-sanitaria-cittadini-comunitari-stranieri

ইতালীয় স্বাস্থ্য সেবা UE এর বাইরের নাগরিকদের জন্য -

https://www.salute.gov.it/portale/assistenzaSanitaria/dettaglioContenutiAssistenzaSanitaria.jsp?lingua=italiano&id=1764&area=Assistenza%20sanitaria&menu=vuoto